# জেলা পরিষদ
## নেত্রকোণা

www.zpnetrokona.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর- জেপনে/ ১০১৮ তারিখ ঃ ২৭/১২/২০২৩ খ্রিঃ।

**দোকান বরাদ্দের পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি ঃ**

এতদ্বারা আগ্রহী ব্যক্তিবর্গ/ব্যবসা প্রতিষ্ঠানের নিকট হতে নেত্রকোণা জেলা পরিষদের মালিকানাধীন নির্মিতব্য/নির্মানাধীন খালিয়াজুরী ডাকবাংলো সংলগ্ন জেলা পরিষদ সুপার মার্কেটের ০৮ হতে ১১ নং পর্যন্ত দোকান অফেরতযোগ্য সাকূল্য সেলামী গ্রহণ পূর্বক বরাদ্দ দেয়ার নিমিত্ত্বে জেলা পরিষদের নির্ধারিত ফর্মে সিডিউল পূরণ পূর্বক সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। প্রতিটি দোকানের জন্য অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত টাকা) টাকা মূল্যে সিডিউল জেলা পরিষদ কার্যালয়, নেত্রকোণা হতে ক্রয় করা যাবে। জেলা পরিষদ, নেত্রকোণা কার্যালয়ে সিডিউল দাখিল করা যাবে। বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে দেখা ও জানা যাবে। যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ আংশিক/সম্পূর্ণ দরপত্র গ্রহণ/বর্জন ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

**ফরম বিক্রয়, দাখিল ও খোলার সময়সূচী ঃ**

| ক্রমিক নং | দোকানের নাম | দোকানের সংখ্যা | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ (অফিস চলাকালীন পর্যন্ত) | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|
| ০১. | খালিয়াজুরী ডাকবাংলো সংলগ্ন জেলা পরিষদ সুপার মার্কেট। | ০৮ - ১১ নং পর্যন্ত | ২১/০১/২০২৩ খ্রিঃ | ২২/০১/২০২৩ খ্রিঃ দুপুর ১.০০টা | ২২/০১/২০২৩ খ্রিঃ বিকাল ২.০০টা |

(মোহাম্মদ সোহেল রানা)
সহকারী প্রকৌশলী
জেলা পরিষদ, নেত্রকোণা
ফোন ঃ ০২-৯৯৮৮২৭০৩৬ (অফিস)
Email : zpnetrakona@yahoo.com

**ঃ শর্তাবলী ঃ**

১। সেলামীর অর্থ অফেরতযোগ্য। প্রাথমিকভাবে ১০ বছরের জন্য চুক্তি সম্পাদিত হবে। তবে প্রতি বছর জানুয়ারী মাসের মধ্যে ১০০/- টাকা ফি প্রদান পূর্বক নবায়ন করতে হবে। ১০ বছর অন্তর অন্তর কর্তৃপক্ষ ও গ্রহীতার সম্মতিক্রমে পুনরায় পরবর্তী ১০ বছরের জন্য চুক্তির মেয়াদ বৃদ্ধি করা যাবে। এ ক্ষেত্রে সেলামীর প্রয়োজন হবে না। অন্যান্য শর্তাবলী ঠিক থাকবে।

২। প্রতি ৩ বছর অন্তর অন্তর দোকান ভাড়ার হার পুনঃ নির্ধারণ করা হবে।

৩। আগ্রহী প্রার্থীগণকে আবেদনপত্রের সাথে প্রতিটি দোকানঘরের জন্য উদ্ধৃত সেলামীর টাকা যে কোন সিডিউল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নেত্রকোণা এর অনুকূলে জমা দিতে হবে।

৪। সাধারণভাবে প্রত্যেকটি দোকান ঘরের জন্য পৃথক সিডিউল দাখিল করতে হবে। ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/সংশ্লিষ্ট ইউ.পি চেয়ারম্যান/পৌরসভার চেয়ারম্যান বা ওয়ার্ড কমিশনার কর্তৃক আবেদনকারীর পাসপোর্ট সাইজের সদ্য তোলা সত্যায়িত ২ কপি ছবি সিডিউলের সাথে দিতে হবে। ব্যক্তিকে সনাক্তকরণের ক্ষেত্রে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্র/আইডি কার্ডের কপি দাখিল করতে হবে। যারা আইডি কার্ড পাননি তাদেরকে ইউ.পি চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক পরিচয়পত্র দাখিল করতে হবে।

৫। দোকানঘরের বরাদ্দ প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে বরাদ্দ গ্রহীতাকে জেলা পরিষদের সাথে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিসিয়াল ষ্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করতে হবে এবং দোকান নির্মাণ কাজ সম্পন্ন হওয়ার সাথে সাথেই দোকান ঘরের দখল গ্রহণ করতে হবে।

৬। দোকানের সংখ্যা, আয়তন বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে কম-বেশী হতে পারে।

৭। সর্বোচ্চ দরদাতাকে চুক্তিনামা সম্পাদন করা ছাড়া দোকান ঘরের দখল হস্তান্তর করা হবে না।

৮। দোকানঘর দখল প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে অবশ্যই ব্যবসা শুরু করতে হবে।

৯। যে উদ্দেশ্যে ব্যবসা পরিচালনার জন্য দোকানঘর বরাদ্দ করা হবে জেলা পরিষদের পূর্বানুমতি ব্যতীত ব্যবসার ধরণ পরিবর্তন করা যাবে না।

১০। জেলা পরিষদের পূর্বানুমতি ব্যতীত দোকানঘর বা উহার অংশ বিশেষ অন্য কাহারও নিকট হস্তান্তর করা যাবে না। হস্তান্তরের ক্ষেত্রে বরাদ্দগ্রহীতাকে জেলা পরিষদের অনুমতি নিতে হস্তান্তর ফি বাবদ ০২ বছরের ভাড়ার সমপরিমাণ ফি প্রদান করতে হবে।

১১। আবেদনকারী/বরাদ্দ গ্রহীতা যদি কোন ভুল তথ্য সরবরাহ করে থাকেন তাহলে তার আবেদনপত্র/বরাদ্দপত্র বাতিল করা যাবে।

চলমান পাতা -২

১২। অনিবার্য কোন কারণে দোকান বরাদ্দ বিলম্বিত হলে বরাদ্দগ্রহীতা তা মেনে নিতে বাধ্য থাকবেন এবং এ জন্য কোন প্রকার ক্ষতিপূরণ দাবী করা যাবে না।

১৩। দোকানের বরাদ্দগ্রহীতা মাসিক ভাড়া পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে পরিশোধ করতে বাধ্য থাকবেন এবং একই সাথে বিদ্যুৎ বিল পরিশোধের কপি দাখিল করতে হবে।

১৪। আগ্রহী প্রার্থীকে সিডিউল ক্রয়ের পূর্বে সরেজমিনে বাণিজ্যিক বিপনীর অবস্থান দেখে দরপত্রে অংশ নিতে হবে।

১৫। কাজ বাস্তবায়নকালে দোকানের আকার সামান্য কম/বেশী হতে পারে।

১৬। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা সকল আবেদনপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭। পরিবেশের বিঘ্ন ঘটে/যে ব্যবসার কারণে পরিবেশ দুষণের সৃষ্টি হয় এমন ব্যবসা করা যাবে না।

১৮। বরাদ্দ গ্রহনকারী মৃত্যুবরণ করলে সকল ওয়ারিশের সম্মতির ভিত্তিতে একক অথবা যৌথ নামে জেলা পরিষদ হতে মালিকানা পরিবর্তন করা যাবে। তবে এ ক্ষেত্রে পৌর মেয়র/চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়নকৃত উক্ত সম্মতিপত্র ও মৃত্যুর সনদপত্র একই সাথে দাখিল করতে হবে।

১৯। সরকারী কোন নতুন নীতিমালা জারির কারণে যদি বর্ণিত শর্তসমূহের কোন পরিবর্তন প্রয়োজন হয় তা মেনে নিতে বাধ্য থাকবেন।

২০। প্রতিটি সিডিউল মূল্য ৫০০/- (পাঁচশত) টাকায় (অফেরত যোগ্য) জেলা পরিষদ, নেত্রকোণা, কার্যালয় হতে ছকে বর্ণিত সময়সূচী অনুযায়ী প্রত্যেক কার্যদিবসে অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে।

২১। বাছাইয়ের সুবিধার্থে সিডিউল দাখিলের ক্ষেত্রে খামের উপর দোকানের নম্বর উল্লেখ করা যেতে পারে। প্রতিটি দোকানের জন্য আলাদা দর দাখিল করতে হবে।

২২। প্রয়োজনে সিডিউলে বর্ণিত বিষয়াবলী ও অন্যান্য নিয়মাবলী সম্বলিত তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

২৩। যে কোন শর্ত সংযোজন, বিয়োজন বা পরিবর্তন করার ক্ষমতা জেলা পরিষদ কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

27/12/23

(মোহাম্মদ সোহেল রানা)
সহকারী প্রকৌশলী
জেলা পরিষদ, নেত্রকোণা

স্মারক নং-জেপনে/ ১০১৮(২২)

তারিখ ঃ ২৭/১২/২০২৩ খ্রিঃ।

<u>অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য অনুরোধসহ প্রেরণ করা হলো ঃ</u>

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। পরিচালক, স্থানীয় সরকার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪। চেয়ারম্যান, জেলা পরিষদ, নেত্রকোণা।
৫। জেলা প্রশাসক, নেত্রকোণা।
৬। পুলিশ সুপার, নেত্রকোণা।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নেত্রকোণা।
৮। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নেত্রকোণা।
৯। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/গণপূর্ত বিভাগ/সড়ক ও জনপথ বিভাগ/পানি উন্নয়ন বোর্ড/জনস্বাস্থ্য প্রকৌশল, নেত্রকোণা।
১০। উপজেলা নির্বাহী অফিসার, খালিয়াজুরী, নেত্রকোণা।
১১। মেয়র, নেত্রকোণা/মোহনগঞ্জ/দূর্গাপুর/কেন্দুয়া/মদন/ পৌরসভা।
১২। বিজ্ঞাপন ব্যবস্থাপক, দৈনিক বাংলার দর্পন, মোক্তারপাড়া, নেত্রকোণাকে আগামী ৩০/১২/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে ভিতরের পাতায় ৩ কলামে ৪ ইঞ্চি পরিসরে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১৩। সংশ্লিষ্ট উপজেলা সদর ও সংশ্লিষ্ট বাজারে ঢোল সহরত ও মাইকিং এর মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ।
১৪। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।

27/12/23

(মোহাম্মদ সোহেল রানা)
সহকারী প্রকৌশলী
জেলা পরিষদ, নেত্রকোণা
ফোন ঃ ০২-৯৯৮৮২৭০৩৬ (অফিস)
Email : zpnetrakona@yahoo.com